ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



ফের কম বয়সী যুবকের প্রেমে মালাইকা, কে এই নতুন পুরুষ

পৃঃ ৫



রুটকে পেছনে ফেলে টেস্টে এক নম্বর ব্রুক

পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ৩৩৯ ● কলকাতা ● ০১ পৌষ, ১৪৩১ ● মঙ্গলবার ● ১৭ ডিসেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## ভারতীয় সঙ্গীত জগতের অপূরণীয় ক্ষতি,

## প্রয়াত জাকির হোসেন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

তবলায় বোল তুলে তারপর চায়ের কাপে আলতো চুমুক। আর সেই চুমুক দিয়েই 'বাহ তাজ' বলে ওঠা ঝাঁকরা চুলের ঝকঝকে সপ্রতিভ তরুণের মুখটা এখনও ভারতীয়দের চোখের সামনে ভাসে।

টিভির পর্দায় বিজ্ঞাপনেও নজর কাড়া মানুষটি ছিলেন উস্তাদ জাকির হোসেন। ভারতীয় সঙ্গীত জগতের এক অন্যতম উজ্জ্বল তারকা তবলা বাদক উস্তাদ জাকির হোসেন চলে গেলেন। বেশ কিছুদিন ধরেই তিনি ফুসফুসের সমস্যায় ভুগছিলেন।

আইডিওপ্যাথিক পালমোনারি ফাইব্রোসিসে আক্রান্ত ছিলেন। গত ২ সপ্তাহ ধরে ভর্তি ছিলেন মার্কিন যুক্তরাষ্ট্রের সান ফ্রানসিসকোর একটি হাসপাতালে।

সেখানে আইসিইউ-তেই তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। সোমবার জাকির হোসেনের পরিবারের তরফে তাঁর প্রয়াত হওয়ার কথা নিশ্চিত করা হয়। বয়স হয়েছিল ৭৩ বছর।

জাকির হোসেনের জীবনাবসান ভারতীয় সঙ্গীত জগতের অপূরণীয় ক্ষতি সন্দেহ নেই। জীবনে দেশ বিদেশের বহু অনন্য সম্মানে ভূষিত হয়েছেন তিনি। ৪ বারের গ্র্যামি জয়ী জাকির হোসেন পদ্মবিভূষণ

এরপর ৩ পাতায়

## আরজিকরের ঘটনায় বিস্ফোরণ কল্যাণ বন্দ্যোপাধ্যায়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

"সিবিআই যখন সন্দীপ ঘোষ আর টালা থানার ওসিকে গ্রেফতার করল তখন তাদের বিরুদ্ধে বৃহত্তর ষড়যন্ত্রের অভিযোগ নিয়ে এসেছিল। এমনকি সুপ্রিম কোর্টে গিয়েও তারা সে কথা বলেছিল। সিবিআই ৯০ দিনের মধ্যে কোন প্রমাণ দেখাতে পারল না। ৯০ দিনের মধ্যে যদি চার্জশিট জমা না দিতে পারে স্বাভাবিকভাবেই জামিন পাবে। এটা হল আইনের কথা।" আরজিকরের ঘটনায় সন্দীপ ঘোষ এবং অভিজিৎ মন্ডলের জামিনের যে নির্দেশ আদালত দিয়েছেন তা নিয়ে রাজনৈতিক বিতর্ক সম্পূর্ণ অকারণ বলে দাবি করে এমন ব্যাখ্যা দিলেন তৃণমূলের আইনজীবী সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়।

কল্যাণ বন্দ্যোপাধ্যায় বলেন, "আমি আগেই বলেছি,ক্রিমিনাল কেসে, কে অভিযুক্ত হবে, কার বিরুদ্ধে চার্জশিট হবে, কার বিরুদ্ধে কনভিকশন হবে সেটা আমার অনুমানের উপর নির্ভর করে না। এর জন্য সাক্ষ্য প্রমাণ চাই। কিন্তু আজকে যে জিনিসটা দেখা যাচ্ছে সিবিআই যে গ্রেফতার করেছিল তা সাক্ষ্য প্রমাণ ছাড়াই করেছিল। যারা আন্দোলন করেছিল সেই ডাক্তাররা, সিপিএম-বিজেপি ছিল। তাদের চাপেই সিবিআই এটা করেছে। এখন যদি দেখা যায় যে সিবিআই সত্যি সত্যি ওদের বিরুদ্ধে চার্জশিট না দিতে পারে তাহলে ৯০ দিনের আটকে রাখাটা তো বেআইনি হয়ে গেল। এটা কাদের জন্য হল? এরা চাপ দিয়ে করাচ্ছে। থ্রেট কালচার কারা করছে সেটাই এখন দেখার। আন্দোলনের নামে থ্রেট চলছে। আন্দোলন করে কিছু হয় না। যারা নেমেছেন তাদের বিনীতভাবে অনুরোধ করছি। আপনারা তথ্য প্রমাণ সিবিআইয়ের হাতে দিয়ে দিন।"

গতকাল সংসদে দাঁড়িয়ে কংগ্রেস ও গান্ধী পরিবারকে তীব্র ভাষায় আক্রমণ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই নিয়ে কল্যাণ বলেন, "ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে কংগ্রেসের মত কোন দলের অবদান নেই। দেশের অখন্ডতা সার্বভৌমত্ব রক্ষা করতে গিয়ে গান্ধী পরিবারের দুজন, ইন্দিরা গান্ধী ও রাজীব গান্ধী তাদের প্রাণ দিয়েছেন। তাদের রক্ত লেগে রয়েছে মাটিতে। তাই আজকে ক্ষমতায় আছেন কালকে থাকবেন না তখন ব্যক্তিগত আক্রমণ কেউ যদি করে সেটা কি ভালো লাগবে? কখনো কারো কাজ ভালো লাগতে পারে, খারাপ লাগতে পারে মানুষ তার বিচার করে দেয়। এটা আমাদের সংসদীয় গণতন্ত্রের সংস্কৃতিই নয় এভাবে সমালোচনা করা। ইন্দিরা গান্ধী যখন পারছিলেন না তখন তো মানুষ রায় দিল। তারপর মোরারজি দেশাই প্রধানমন্ত্রী হলেন। কিন্তু তিনিও পারলেন না। তখন মানুষ আবার কংগ্রেসকে নিয়ে এল। এটাকে না মেনে তো উপায় নেই। যেমন জ্যোতি বসুর একটা অবদান পশ্চিমবঙ্গের জন্য আছে এটা তো মানতে হবে। আমি রাজনৈতিকভাবে মোদির বিরুদ্ধে কিন্তু মোদির ৩ তিনবার প্রধানমন্ত্রী হিসাবে শ্রদ্ধা করব। মানুষ তো এমনিই পন্ডিত জহরলাল নেহরুকে জেতায়নি। যেমনি মোদিকে জিতিয়েছে তেমনি নেহরুকেও জিতিয়েছিল। ইন্দিরা গান্ধীকে জিতিয়েছে, মনমোহন সিং কেও জিতিয়েছে।"

## ফিরহাদের 'সংখ্যালঘু-সংখ্যাগুরু' তত্ত্ব নিয়ে কড়া বার্তা তৃণমূলের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

শনিবার এক অনুষ্ঠান থেকে মন্ত্রী ফিরহাদ হাকিম বলেছিলেন- সংখ্যালঘুরা একদিন সংখ্যাগুরু হয়ে উঠবেন। তাঁর এই বক্তব্য ঘিরে চরম বিতর্ক শুরু হয়। সেই আবহে সোমবার সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস তাদের এক্স হ্যান্ডলে দলের অবস্থান স্পষ্ট করল। জানিয়ে দিল, মন্ত্রী ফিরহাদের মন্তব্যের সঙ্গে দল একেবারেই সহমত নয়।

অল ইন্ডিয়া তৃণমূল কংগ্রেসের এক্স হ্যান্ডেলে লেখা হয়েছে, 'শনিবার ফিরহাদ হাকিম যে মন্তব্য করেছেন, তৃণমূল তার সঙ্গে সহমত নয় এবং তার বিরোধিতা করছে। এই মন্তব্য দলের অবস্থান, আদর্শের কোনও প্রতিফলন নেই। শান্তি, একতা ও সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় আমরা প্রতিজ্ঞাবদ্ধ। পশ্চিমবঙ্গের সমাজ পরিকাঠামো হুমকির মুখে পড়ে এমন কোনও মন্তব্য করা হলে তা কঠোরতার সঙ্গেই বিবেচনা করা হবে।'

ফিরহাদের এই মন্তব্য তৃণমূল যে সমর্থন করে না, তা অনেক নেতাই বুঝিয়ে দিয়েছিলেন। তৃণমূলের দুই হুমায়ুন কবীরও প্রকাশ্যে ফিরহাদের মন্তব্যের বিরোধিতা করেছিলেন। প্রাক্তন পুলিশকর্তা হুমায়ুন কবীর সোশ্যাল মিডিয়ায় লিখেছিলেন- 'জিন্দেগি লম্বি নেহি, বড়ি হোনি চাহিয়ে হুজুর হাকিমজি। কোয়ান্টিটি নয়, কোয়ালিটি চাই। পাঁচ বাচ্চা, রিকশাওয়ালা, সবজিওয়ালা, ঠেলাওয়ালা, পরিযায়ী শ্রমিক, হকার না-হয়ে শিক্ষক, ডাক্তার, নিদেনপক্ষে আমার মতো পুলিশ অফিসার হওয়া ভালো নয় কি?'

ভরতপুরের বিধায়ক তথা তৃণমূলের আর এক হুমায়ুন কবীরও এর বিরোধিতা করেন। বিতর্কের মুখে পড়ে ফিরহাদ রবিবারই জানান, তিনি এক জন ভারতীয় এবং ধর্মনিরপেক্ষ মানুষ। আমৃত্যু তাই থাকবেন। ফিরহাদ কন্যা প্রিয়দর্শিনী হাকিমও বলেন, 'কুৎসা করা যাঁদের কাজ, তাঁরাই কুৎসা করছেন। আগেও নানা ভাবে আমার বাবাকে অপমান করা হয়েছে।'

যদিও রাজ্যের মন্ত্রীর এ হেন মন্তব্যকে সামনে রেখে বিজেপি প্রশ্ন তোলে,

এরপর ৩ পাতায়

মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে কলকাতার কলেজ স্ট্রিটে চারটি বই পাওয়া যাচ্ছে। অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর মাতৃ শক্তি কলেজ স্ট্রিট কেশব চন্দ্র স্ট্রিটে, অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও সুন্দরবনবাসি বর্ণপরিচয় বিল্ডিংয়ে উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে আর্তনাদ নামের বইটি।

এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১

আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)

সরবেড়িয়া আন্‌-নূর মিশন

(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)

(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ

E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)

পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন

সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা

ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)

ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪

ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা

ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা

ফলাফল জানা যাবে www.annoormission.org

এই website notice board-এ

সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪

ফর্মের মূল্য : ৫০.০০ টাকা



Girl's Hostel



Boy's Hostel

আবাসিক শিক্ষক চাই

বায়োলজি এমএসসি অনার্স ও একজন কম্পিউটার টিচার লাগবে

সত্বর Resume mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

- সরবেড়িয়া আন নূর মিশন — সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫
- নিউ বিশ্বাস জেরক্স — মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ মোঃ - ৯৬০৯০৮২৪১৬
- আদর্শ শিশু নিকেতন — ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০
- সাগরিকা লাইব্রেরী — বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭
- আরফান আলি বিশ্বাস — দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬

# মুক্তিযুদ্ধকে বাংলাদেশের নয় ভারতের যুদ্ধ বললেন মোদি, সমালোচনা

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



১৯৭১ সালের ১৬ ডিসেম্বর পাকিস্তানি হানাদার বাহিনীর হাত থেকে মুক্ত হয় বাংলাদেশ। লাখো শহীদের রক্ত ও মা-বোনের সম্ভ্রমের বিনিময়ে পাওয়া সেই স্বাধীনতাকে নিজেদের দাবি করছে ভারত।

সোমবার (১৬ ডিসেম্বর) বাংলাদেশের বিজয় দিবসের দিনকে ভারতের ঐতিহাসিক বিজয় উল্লেখ করে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে একটি পোস্ট দিয়েছেন দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

বিজয় দিবসে বাংলাদেশকে শুভেচ্ছা জানানোর বদলে পাকিস্তানের বিপক্ষে ভারতীয় সেনাদের অবদানের কথা স্বীকার করে তাদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন মোদি। কিন্তু পোস্টে একটি বারের জন্যও বাংলাদেশ প্রসঙ্গ টানেননি তিনি।

পোস্টে মোদি লিখেছেন, 'আজ, বিজয় দিবস। আমরা ১৯৭১ সালে ভারতের ঐতিহাসিক বিজয়ে অবদান রাখা সাহসী সৈন্যদের সাহস ও আত্মত্যাগকে সম্মান জানাই। তাদের নিঃস্বার্থ জীবন উৎসর্গ এবং অটল সংকল্প আমাদের জাতিকে রক্ষা করেছে এবং আমাদের গৌরব এনে দিয়েছে।;

মোদি আরও লিখেছেন, 'এই দিনটি তাদের অসাধারণ বীরত্ব এবং তাদের অদম্য চেতনার প্রতি শ্রদ্ধাঞ্জলি জানাই। তাদের আত্মত্যাগ চিরকাল প্রজন্মকে অনুপ্রাণিত করবে এবং আমাদের জাতির ইতিহাসে গভীরভাবে গেঁথে থাকবে।;

মোদীর এমন পোস্টের পর বাংলাদেশে জনমনে দেখা গিয়েছে ব্যাপক ক্ষোভ। পাকিস্তানের বিপক্ষে বাংলাদেশের এই বিজয়কে ভারত নিজেদের বলে দাবি করায় এ নিয়ে তীব্র প্রতিবাদ জানিয়েছেন বৈষম্য বিরোধী আন্দোলনের অন্যতম সমন্বয়ক হাসনাত আব্দুল্লাহসহ আরও অনেকে। মোদীর সেই পোস্টেও প্রতিবাদ জানাচ্ছেন বাংলাদেশিরা। বিশেষ করে সোশ্যাল মিডিয়ায় এ নিয়ে তোলপাড় সৃষ্টি হয়েছে।

নেটিজেনরা লিখেন, এই যুদ্ধ আমাদের ছিল পশ্চিম পাকিস্তানের বিরুদ্ধে। আমার স্বাধীনতা ও সার্বভৌমত্ব নিয়ে যারা তাদের নিজেদের বিজয় দাবি করে, তাদের বিরুদ্ধে আমি যুদ্ধ ঘোষণা করবো ইনশাআল্লাহ। মোদীর এই বক্তব্য আমাদের দেশের জন্য হুমকি। তার এই বক্তব্য প্রত্যাখ্যান করলাম।

# বিশ্বের ধনী ব্যক্তিদের 'হাজার কোটি ডলার ক্লাব' থেকে ঝরে পড়লেন আম্বানি-আদানি

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন




বিশ্বের ধনী ব্যক্তিদের 'হাজার কোটি ডলার ক্লাব' থেকে ঝরে পড়েছেন ভারতের দুই শীর্ষ ধনকুবের মুকেশ আম্বানি ও গৌতম আদানি। তারা উভয়ই বৈশ্বিক ওই তালিকায় নিজেদের নাম উঠিয়েছিলেন কয়েক বছর আগে। দীর্ঘদিন তারা নিজের অবস্থান ধরে রাখতে সক্ষমও হয়েছিলেন। মুকেশ আম্বানির সম্পদ কমার মূল কারণ প্রতিদ্বন্দ্বী বিনিয়োগকারীদের সংখ্যা বেড়ে যাওয়া এবং আর্থিক ঋণ। গৌতম আদানির বিষয়টি অবশ্য সাম্প্রতিক। সোমবার (১৬ ডিসেম্বর) এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে মার্কিন সংবাদমাধ্যম ব্লুমবার্গ।

গত জুলাই মাসেই মহা ধুমধাম করে নিজের ছোটো ছেলে অনন্ত আম্বানির বিয়ে দিয়েছেন মুকেশ আম্বানি। বৈশ্বিক তারকাদের উপস্থিতিতে জাঁকজমকপূর্ণ সেই বিয়েতে মুকেশের ব্যয় হয়েছে ৬০ কোটি ডলার। টানা কয়েকদিন ভারত এবং বিশ্বের অনেক সংবাদমাধ্যমের গুরুত্বপূর্ণ সংবাদের তালিকায় ছিল অনন্ত আম্বানি-রাধিকা মার্চেন্টের বিয়ের বিভিন্ন অনুষ্ঠান। তার মাত্র ৬ মাসের মাথায় পতন ঘটল আম্বানির। ব্লুমবার্গের পর্যবেক্ষণ বলছে, জুলাই মাসে মুকেশ আম্বানির মোট সম্পদের পরিমাণ ছিল ১২ হাজার ৮০ কোটি ডলার; আর বর্তমানে তা নেমে এসেছে ৯ হাজার ৬৭০ কোটি ডলারে।

অবশ্য পুত্রের বিয়েতে ব্যয়ের কারণেই যে মুকেশ আম্বানির সম্পদ কমে গেছে- ব্যাপারটি এমন নয়। প্রতিদ্বন্দ্বী বিনিয়োগকারীদের সংখ্যা বেড়ে যাওয়া এবং আর্থিক ঋণের কারণে তার সম্পদ কমে গেছে। মুকেশ আম্বানির মূল ব্যবসায়িক খাত হলো ইলেকট্রনিক পণ্য উৎপাদন এবং অপরিশোধিত জ্বালানি তেল আমদানি করে তা পরিশোধন করে বিক্রি করা। গত ছয় মাসে এ দু'ই খাতেই নতুন বিনিয়োগকারীদের আগমন ঘটেছে এবং এর জেরে মুকেশের মুনাফা কমে গেছে। নিজের ব্যবসা স্থিতিশীল রাখতে গত ছয় মাসে বিপুল পরিমাণ ঋণও গ্রহণ করেছে তিনি।

ঘুষ-প্রতারণার দায়ে গত ২১ নভেম্বর সম্প্রতি যুক্তরাষ্ট্রের আদালতে মামলা হয়েছে ভারতের অপর ধনকুবের গৌতম আদানির বিরুদ্ধে, গ্রেপ্তারি পরোয়ানাও জারি হয়েছে। এরপর থেকেই শেয়ার বাজারে কমতে শুরু করেছে আদানি গ্রুপভুক্ত বিভিন্ন কোম্পানির শেয়ারের দাম। এর মধ্যে কয়েকটি গুরুত্বপূর্ণ ব্যবসায়িক চুক্তি হাতছাড়া হয়েছে তার অনেক বিনিয়োগকারীও আদানি গ্রুপ থেকে নিজেদের পুঁজি তুলে নিচ্ছেন। আদানি অবশ্য ঘুষ-প্রতারণার অভিযোগ পুরোপুরি প্রত্যাখ্যান করেছেন। 'মিথ্যা মামলা ও অন্যায্য গ্রেপ্তারি পরোয়ানা'র বিরুদ্ধে আইনী লড়াই চালিয়ে যাওয়ার ঘোষণাও দিয়েছেন; তবে তাতে সম্পদের ক্ষয় ঠেকানো যাচ্ছে না। ব্লুমবার্গের পর্যবেক্ষণ বলছে, গত জুন মাসে গৌতম আদানির মোট সম্পদের পরিমাণ ছিল ১২ হাজার ২৩০ কোটি ডলার। বর্তমানে তা নেমেছে ৮ হাজার ২১০ কোটি ডলারে।

# ভারতের পররাষ্ট্র নীতিতে পরিবর্তন দরকার : এস জয়শঙ্কর



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ভারতের পররাষ্ট্র নীতিতে বদল আনা দরকার বলে মন্তব্য করেছেন দেশটির পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর। তিনি বলেন, 'স্পষ্টভাবে বলতে গেলে, আমাদের পুরোনো সমস্যাগুলোর অনেকটাই এখনো অমীমাংসিত রয়ে গেছে। আমাদের সীমানা এখনো একটি গুরুতর চ্যালেঞ্জ। তবে, আমরা ইতোমধ্যে একটি নতুন দৃষ্টিকোণ থেকে বিদেশি নীতিতে এগিয়ে গেছি।'

রবিবার ভারতের রাজধানী নয়াদিল্লিতে 'ইন্ডিয়া'স ওয়ার্ল্ড' নামের আন্তর্জাতিক নীতি-বিষয়ক একটি নতুন সাময়িকীর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখার সময় এ মন্তব্য করেন তিনি। এস জয়শঙ্কর বলেন, 'বিশ্ব এখন আর দ্বিমেরু বিশিষ্ট বা এককেন্দ্রিক নেই। তাই পরিবর্তিত বিশ্ব পরিস্থিতিতে ভারতের পররাষ্ট্র নীতিতে বদল আনা দরকার। ভারতের বিদেশি নীতির একটি গুরুত্বপূর্ণ দিক হলো দক্ষিণ-পূর্ব এশিয়া ও পূর্ব এশিয়ার অন্য দেশগুলো থেকে শিখে নেওয়া মূল্যবান পাঠ।'

ভারতের পররাষ্ট্রমন্ত্রী আরও বলেন, 'গত দুই দশকে বিশ্বায়ন তীব্র আকার ধারণ করেছে। দেশগুলোর মধ্যে পারস্পরিক নির্ভরশীলতা অনেক বেশি বেড়েছে। এসব কিছুর পাশাপাশি প্রযুক্তিও মানুষের দৈনন্দিন জীবনে বড়

এরপর ৩ পাতায়

# জাকির হোসেনকে নিয়ে আবেগঘন পোস্ট এ আর রহমানের



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

কিংবদন্তি তবলাবাদক জাকির হোসেন মৃত্যুতে শোকবিহ্বল সংগীতশিল্পী এ আর রহমান। সোমবার (১৬ ডিসেম্বর) এ আর রহমান জাকির হোসেনকে নিয়ে আবেগঘন পোস্ট দিয়েছেন। তিনি বলেন, অতীতে একসঙ্গে কাজ করলেও কেন ওস্তাদের সঙ্গে আর জুটি বাঁধলেন না, এই একটাই আক্ষেপ রয়েছে এ সংগীতশিল্পীর।

শোকপ্রকাশ করে রহমান সামাজিক যোগাযোগ মাধ্যম লিখেছেন, 'জাকির ভাই ছিলেন একজন অনুপ্রেরণা। অসামান্য ব্যক্তিত্বের অধিকারী। যিনি তবলাকে বিশ্বব্যাপী জনপ্রিয় করে তুলেছিলেন। ওর চলে যাওয়া আমাদের সবার জন্য অপূরণীয় ক্ষতি।'

'ওর সঙ্গে আর কাজ না করতে পারার আক্ষেপটা রয়েই গেল। একসঙ্গে একটা অ্যালবাম করার পরিকল্পনাও করেছিলাম

এরপর ৩ পাতায়

# সংসদে প্রথম মুখ খুললেন প্রিয়াঙ্কা



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

১৬ ডিসেম্বর বাংলাদেশে পালিত হচ্ছে 'বিজয় দিবস।' ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর ভারতীয় সেনার হাতে আত্ম সমর্পন করেছিল পাকিস্তানের ৯৩ হাজার পাকিস্তানী ফৌজ। সেই প্রসঙ্গ টেনেই সোমবার প্রিয়াঙ্কা গান্ধী সংসদে বলেন, যে বীর সেনাদের অনমনীয় সংগ্রাম সেই জয় এনে দিয়েছিল, তাঁদের তিনি প্রণাম জানাচ্ছেন। সেই সময়ে ভারতের যে আমনাগরিক বাংলাদেশকে স্বাধীন করতে দেশের সেনা ও নেতৃত্বের সঙ্গে যোগ্য সঙ্গত দিয়েছিল, সেই মহান ভারতবাসীকে

এরপর ৪ পাতায়

# প্রাক্তন মাওবাদীদের সঙ্গে দেখা করলেন শা, তবে লক্ষ্য টা কী?



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

দেশ থেকে মাওবাদী নির্মূল করতে দৃঢ় প্রতিজ্ঞ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা। সেই আবহেই রবিবার প্রাক্তন মাওবাদী নেতা-কর্মীদের সঙ্গে দেখা করলেন অমিত শা। তাঁদের জীবনের মূল স্রোতে ফেরার জন্য উৎসাহ দিলেন শা। সঙ্গে বার্তা দিলেন, ২০২৬ এর মধ্যে দেশ থেকে মাওবাদীদের চিহ্ন মুছে ফেলবে কেন্দ্র সরকার।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা চলতি বছর একাধিক জায়গায় দাবি করেছেন, ২০২৬ সালের ৩১ মার্চের মধ্যে দেশ থেকে উৎখাত হবে মাওবাদীরা। তবে কোনও মাওবাদী যদি চান আত্মসমর্পণ করবেন তাহলে তাঁদের চাকরির সংস্থান,

এরপর ৩ পাতায়

# আবাসের টাকা মঙ্গলবার থেকে দেওয়া শুরু হবে, কোন অ্যাকাউন্টে কীভাবে টাকা যাবে জানাল নবান্ন



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

সবার আগে দ্য ওয়ালে লেখা হয়েছিল পশ্চিমবঙ্গ আবাস যোজনা তথা বাংলার বাড়ি খাতে টাকা বড়দিনের আগেই রাজ্যের ১২ লক্ষ পরিবারের অ্যাকাউন্টে ঢুকবে। হচ্ছেও তাই। শনিবার দ্য লিখেছিল, অর্থ দফতর আবাস যোজনার টাকা জেলায় জেলায় পাঠিয়ে দিয়েছে। এখন অপেক্ষা শুধু একটা আনুষ্ঠানিকতার। সেজন্য মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে সময় চাওয়া হয়েছে। পঞ্চায়েত ও অর্থ দফতরকে সেই সময় দিয়েছেন মুখ্যমন্ত্রী। মঙ্গলবার বিকেল পৌনে ৫টায় নবান্ন সভাঘর থেকে আনুষ্ঠানিকভাবে বাংলার বাড়ি খাতে টাকা দেওয়া শুরু করবেন মমতা বন্দ্যোপাধ্যায়। অর্থাৎ মঙ্গলে ঊষা বুধে পা। মঙ্গলবার বিকেল থেকেই অ্যাকাউন্টে টাকা পাঠানো শুরু হয়ে যাবে। মঙ্গল-বুধবারের মধ্যে বহু উপভোক্তার অ্যাকাউন্টে টাকা ঢুকতে শুরু করে দেবে। নবান্ন সূত্রে বলা হচ্ছে, সংখ্যাটা বিপুল। তাই আশা করা হচ্ছে ৩০ ডিসেম্বরের মধ্যে ১২ লক্ষ উপভোক্তার অ্যাকাউন্টে টাকা ঢুকে যাবে। সুতরাং কেউ যেন অসহিষ্ণু না হয়ে পড়েন। যাঁদের নাম ফাইনাল লিস্টে রয়েছে, তাঁরা সবাই টাকা

এরপর ৩ পাতায়

# তন্ময় কাণ্ডের জের! 'আচরণ' নিয়ে পার্টি কর্মীদের সতর্ক করল সিপিএম



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

এক মহিলা সাংবাদিকের আনা হেনস্থার অভিযোগে সম্প্রতি সিপিএম নেতা তন্ময় ভট্টাচার্যকে সাসপেন্ড করেছিল সিপিএম। গত শুক্রবার সেই সাসপেনশন প্রত্যাহারও করে নিয়েছে দল। তবে একই সঙ্গে এ ঘটনা থেকে 'শিক্ষা' নিয়ে দলের নেতা-কর্মীদের 'আচরণ' সম্পর্কে সতর্ক থাকার পরামর্শ দেওয়া হয়েছে।

সূত্রের খবর, সম্প্রতি এ ব্যাপারে আলিমুদ্দিনে ডেকে তন্ময়কে সতর্কও করেছেন খোদ রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম। একইভাবে জেলায় জেলায় গিয়েছে পার্টি 'নোট'। যাতে বলা হয়েছে, 'আপনি কারও সঙ্গে যেটিকে ক্যাজুয়াল বা ফ্রেন্ডলি আচরণ হিসেবে মনে করছেন, উল্টো দিকে থাকা মানুষটি সেটিকে একইরকম নাও ভাবতে পারে। তাই নিজের এবং দলের স্বার্থে সকলকে আচরণে সংযত হতে হবে।'

দলের বাঁকুড়ার জেলা সম্পাদক মণ্ডলীর এক সদস্যের কথায়, ''তন্ময়ের ঘটনা আমাদের মধ্যেও আতঙ্কের পরিবেশ তৈরি করে দিয়েছিল। তারপর থেকে কমবেশি

এরপর ৩ পাতায়






১-ম পাতার পর

## ফিরহাদের 'সংখ্যালঘু-সংখ্যাগুরু' তত্ত্ব নিয়ে কড়া বার্তা তৃণমূলের

শাসকদলের একজন মন্ত্রী, কী ভাবে এই ধরনের বার্তা দিতে পারেন? দল কি ফিরহাদের এ হেন মন্তব্যকে সমর্থন জানাচ্ছে, প্রশ্ন তুলেছিলেন বিজেপির সাংসদ শমীক ভট্টাচার্য। সোমবার তৃণমূল এক্স হ্যান্ডেলে নিজের অবস্থান স্পষ্ট করল।

## ডায়মণ্ড হারবার ফৌজদারি আদালত বার অ্যাসোসিয়েশনের ১৫৮-তম প্রতিষ্ঠা দিবস উদযাপন

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে আজ ডায়মণ্ড হারবার ফৌজদারি আদালত বার অ্যাসোসিয়েশনের ১৫৮-তম প্রতিষ্ঠা দিবস উদযাপন করা হলো । এই অনুষ্ঠানে বার-এর সিনিয়র মেম্বারদের শাল ও স্মারক দিয়ে সংবর্ধনা জানানো হয়। সংবর্ধিতদের মধ্যে আছেন অশোক মুখোপাধ্যায়, অমিতাভ সিকদার, আশীষ চক্রবর্ত্তী, সৈয়দ গফফার আলি, গৌতম দত্ত, প্রণব গায়েন, সেখ কাওসার আলি, জগৎ মোহন মাল, সনজিৎ মান্না, অজিত মণ্ডল, শশাঙ্ক শেখর হালদার, তপনকান্তি মণ্ডল প্রমুখ ৬৮ জন আইনজীবী ।

অশোক মুখোপাধ্যায়, সৈয়দ গফফার আলি, গৌতম দাস, অমিতাভ সিকদার, গৌতম দত্ত, শিখা খামারু প্রমুখ আইনজীবী স্মৃতি চারণার মাধ্যমে নিজেদের অভিজ্ঞতা এবং নবাগতদের প্রতি পেশাগত কিছু পরামর্শ দেন। সৈয়দ গফফার আলি বার ও বেঞ্চের সুসম্পর্ক বজায় রাখার কথা উল্লেখ করেন। বিচারপতিদের সঙ্গে অকারণ বিতর্কের পরিবেশ সৃষ্টি হলে বিচারপ্রার্থীরা সবথেকে বেশি ক্ষতিগ্রস্থ হয় এবং পেশার ক্ষেত্রেও তার

এরপর ৪ পাতায়

১-ম পাতার পর

# ভারতীয় সঙ্গীত জগতের অপূরণীয় ক্ষতি, প্রয়াত জাকির হোসেন

সম্মানে সম্মানিত হন ২০২৩ সালে।

তবলায় তাঁর আঙুল চলত ম্যাজিকের মতন। পারিবারিক সূত্রেই তিনি তবলার প্রতি আকৃষ্ট হন। বাবা ছিলেন প্রখ্যাত তবলা বাদক উস্তাদ আল্লারাখা।

উস্তাদ আল্লারাখার বড় ছেলে জাকির ছোট থেকেই তবলায় তাঁর প্রতিভার বিচ্ছুরণ স্পষ্ট করে দেন। তারপর আর তাঁকে পিছন ফিরে তাকাতে হয়নি। তবলা বাদক হিসাবে বিশ্বজুড়ে তাঁর খ্যাতি ছড়িয়ে পড়তে সময় নেয়নি।

উস্তাদ জাকির হোসেন ছোট থেকেই তবলায় যেমন নিজের দক্ষতা তৈরি করেন, তেমনই ছিল তাঁর আত্মবিশ্বাস। তাঁর বাবাকে করা এক নিমন্ত্রণের জবাবে তিনি অনুষ্ঠান উদ্যোক্তাদের লিখে পাঠান তাঁরা বাবা পারছেন না যেতে, কিন্তু তাঁর ছেলে তাঁর জায়গায় যেতে তৈরি।

মাত্র ১৩ বছর বয়সে সেই অনুষ্ঠানে তবলা বাজানোর ইচ্ছা প্রকাশে তিনি এতটুকু ইতস্তত বোধ করেননি। জাকির হোসেনের পরলোকগমনে শোকের ছায়া নেমে এসেছে সঙ্গীত জগতে। রাজনীতি থেকে খেলা, সাহিত্য সংস্কৃতি থেকে শিল্পপতি, নানা মহল থেকেই তাঁর জীবনাবসানের খবরে শোক প্রকাশ করা হয়।

২ পাতার পর

# তন্ময় কাণ্ডের জের! 'আচরণ' নিয়ে পার্টি কর্মীদের সতর্ক করল সিপিএম

সকলেই সতর্ক রয়েছেন। দলের তরফেও সতর্ক করা হয়েছে।"

রাজ্য সম্পাদকের সতর্ক করার বিষয়টি মেনে নিয়ে তন্ময়বাবুও বলেন, "হ্যাঁ, এটা সত্যি আমার দুর্বলতা। সকলের সঙ্গে খুব ফ্রেন্ডলি বা ক্যাজুয়ালি মিশতাম! রাজ্য সম্পাদকও সর্তক করেছেন। ওই ঘটনার পর আমি নিজেও এবিষয়ে সাবধান হয়েছি।"

গত ২৭ অক্টোবর ফেসবুক লাইভে এক মহিলা সাংবাদিক সিপিএমের জেলা সম্পাদক মণ্ডলীর সদস্য তন্ময় ভট্টাচার্যর বিরুদ্ধে হেনস্থার অভিযোগ এনেছিলেন। ফেসবুক লাইভে ওই মহিলা সাংবাদিক অভিযোগ করেন, 'চার বছর সাংবাদিকতা করছি কিন্তু এত খারাপ অভিজ্ঞতা আমার কখনও হয়নি। আসলে পোটেনশিয়াল রেপিস্ট এরাই। এদের চিনে রাখা দরকার।'

ঘটনার প্রায় পরে পরেই সাংবাদিক বৈঠক ডেকে সিপিএম তন্ময় ভট্টাচার্যকে সাসপেন্ডও করে। গত শুক্রবার সেই সাসপেনশন প্রত্যাহার হতেই দলের অন্দরেই একাংশ নেতা, কর্মী প্রশ্ন তুলতে শুরু করেছেন, স্রেফ অভিযোগের ভিত্তিতে এভাবে তড়িঘড়ি সাসপেন্ড করা কতটা যুক্তিযুক্ত? তাৎপর্যপূর্ণভাবে, তন্ময় ভট্টাচার্যকে সাসপেন্ড করার বিষয়টি সাংবাদিক বৈঠক করে সিপিএমের তরফে জানানো হলেও দলে ফেরানোর বিষয়ে কোনও সাংবাদিক বৈঠক করা হয়নি। সবটাই হয়েছে 'চুপিচুপি'। যা নিয়েও প্রশ্ন তুলছেন দলের নীচুতলার একাংশ।

তবে এ ব্যাপারে তন্ময়ের সাবধানী প্রতিক্রিয়া, "দলের আগের সিদ্ধান্তও মেনে নিয়েছিলাম। এবারও দলের সিদ্ধান্ত মেনে নিয়েছি। তবে কর্মীদের মধ্যে প্রশ্ন উঠল তাঁরা তাঁদের নিজস্ব ইউনিটে সেই প্রশ্ন করতে পারেন। প্রয়োজনে তাঁরা ইউনিটের মাধ্যমে জেলা নেতৃত্ব ও রাজ্য নেতৃত্বর কাছে সেই প্রশ্ন উত্থাপন করতে পারেন। এটা কমিউনিস্ট পার্টির অভয়ন্তরের গণতন্ত্র। এটা রক্ষিত হলেই ভাল।"

প্রসঙ্গত, ওই ঘটনার পরই তন্ময়বাবু নিজের বসার ঘরে যেখানে সাংবাদিকদের সঙ্গে দেখা করেন, সেখানে সিসিটিভি লাগিয়েছেন। তন্ময়বাবুর কথায়, "৪৭ বছর সক্রিয়ভাবে পার্টি করছি। এটা আমার জীবনের সবচেয়ে ভয়ঙ্কর অভিজ্ঞতা। সতর্ক তো হতেই হবে।"

২ পাতার পর

# প্রাক্তন মাওবাদীদের সঙ্গে দেখা করলেন শা, তবে লক্ষ্য টা কী ?

স্বাস্থ্য-সহ যাবতীয় দায়িত্ব রাষ্ট্র নেবে, এমন প্রতিশ্রুতিও দেওয়া হয়েছে। মাওবাদী দমন প্রসঙ্গে শা আরও বলেন, 'নয়া নীতিতে মাওবাদদীদের নির্মূলের পথে ইতিমধ্যে অনেকটাই এগিয়েছে সরকার। চলতি বছরে সরকারি হিসাবে ২০৭ জন মাওবাদী নিহত হয়েছেন। বহু অস্ত্রশস্ত্র উদ্ধার হয়েছে। ২০০৯ সালের পর এক বছরে এত মাওবাদী বিনাশের দৃষ্টান্ত আর নেই। এখন কেবলমাত্র ছত্তিশগড়ের চার জেলায় মাওবাদীদের অস্তিত্ব রয়েছে।'

উল্লেখ্য, গতকাল ছত্তিশগড়, ওডিশা, মহারাষ্ট্র, অন্ধ্রপ্রদেশ এবং অসমের প্রাক্তন মাওবাদী নেতার সঙ্গে দেখা করেন অমিত শা। তাঁদের সঙ্গে দেখা করার পর তিনি বলেন, 'আমি আজ সব চেয়ে খুশি যে, দেশের তরুণ মাওবাদীরা বুঝতে পারছেন হিংসার পথে গিয়ে কোনও লাভ নেই। তাঁরা আমাদের আবেদনে সাড়া দিয়ে আত্মসমর্পণ করছেন। তাঁদের সকলের পুনর্বাসনের ব্যবস্থা করা হচ্ছে। প্রাক্তন মাওবাদীদের জন্য প্রধানমন্ত্রী আবাস যোজনায় ১৫ হাজার বাড়ির অনুমোদন দিয়েছে কেন্দ্র। প্রত্যেক পরিবারকে একটি করে গবাদি পশু দেওয়া হবে, যাতে তারা দুধ বিক্রি করে জীবিকানির্বাহ করতে পারে।'

# বাংলাদেশে হিন্দুদের উপর নির্যাতনের প্রতিবাদে গোপীবল্লভপুরে আয়োজিত হল পদযাত্রা ও পথসভা




**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম**

বাংলাদেশে সংখ্যালঘু হিন্দুদের উপর নির্মম অত্যাচার, মন্দির ভাঙচুর, অবাধ লুটপাট, অগ্নিযোগ, নারী ধর্ষনের প্রতিবাদে ও হিন্দু সন্ন্যাসী শ্রী শ্রী চিন্ময় কৃষ্ণ প্রভুর নিঃশর্ত মুক্তি দাবিতে এদিন গোপীবল্লভপুর বাজারে আয়োজিত হল বিশাল ধর্মীয় পদযাত্রা ও পথসভা। এদিন গোপীবল্লভপুর রামনবমী উদযাপন কমিটি ও ঝাঁসী রানী মহিলা সমিতির উদ্যোগে আয়োজিত হয় এদিনের এই পদযাত্রা ও পথসভার। হরিনাম সংকীর্তন করে পদযাত্রায় পা মেলান এলাকার বহু মানুষজন। উপস্থিত ছিলেন গোপীবল্লভপুর রাম নবমী উদযাপন কমিটির সম্পাদক সুমন্ত মোহান্তি সহ অন্যান্য সদস্যরা।

২ পাতার পর

## সংসদে প্রথম মুখ খুললেন প্রিয়াঙ্কা

তিনি সম্মান জানাচ্ছেন। তাৎপর্যপূর্ণভাবে এই প্রসঙ্গে ভারতের প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীকেও প্রণাম জানান তাঁরই নাতনি, সাংসদ প্রিয়াঙ্কা। তিনি মনে করিয়ে দেন, তৎকালীন পূর্ব পাকিস্তানের উপর যখন পশ্চিম পাকিস্তানের সেনা নিদারুণ অত্যাচার চালাচ্ছে, তখন বাকি বিশ্ব শুধু দর্শকের ভূমিকা পালন করলেও (প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর নেতৃত্বাধীন) তৎকালীন ভারত সরকার ঝাঁপিয়ে পড়েছিল বাংলাদেশকে রক্ষা করতে। সকলকে তিনি তা স্মরণ করিয়ে দেন। তিনি বলেন, ইতিহাস কখনো হারিয়ে যায় না।

তার পরেই তিনি ক্ষোভের সঙ্গে বলেন, আজ সেই বাংলাদেশে সংখ্যালঘু নিপীড়ন চলছে। লাগাতার আক্রান্ত হচ্ছেন হিন্দু, খ্রিস্টান-সহ বিভিন্ন ধর্ম ও সম্প্রদায়ের মানুষ। এখানেই প্রিয়াঙ্কা দাবি তোলেন, এবার সময়ে এসেছে ভারত সরকারের ফের একবার বাংলাদেশ ইস্যুতে পদক্ষেপ করার। বাংলাদেশে কট্টরপন্থীদের হিংসা থামাতে মূলত দু'টি দাবি উত্থাপন করেছেন প্রিয়াঙ্কা। তাঁর বক্তব্য, প্রথমত -ভারত সরকারকে অবিলম্বে এই বিষয়ে হস্তক্ষেপ করতে হবে। এবং দ্বিতীয়ত - ভারত সরকারকে বাংলাদেশের বর্তমান প্রশাসনের সঙ্গে কথা বলে অনাচার ও অত্যাচার বন্ধ করতে পদক্ষেপ করতে হবে। করতালি দিয়ে প্রিয়াঙ্কাকে সমর্থন জানান সমস্ত বিজেপি বিরোধী দল।

২ পাতার পর

# জাকির হোসেনকে নিয়ে আবেগঘন পোস্ট এ আর রহমানের

আমরা। যদিও কয়েক দশক আগে আমরা একসঙ্গে কাজ করেছি। তোমাকে সত্যিই মিস করব। জাকির ভাইয়ের পরিবার ও বিশ্বব্যাপী অগণিত ভক্ত-অনুরাগীদের এই কঠিন সময়ে শোক সামলানোর ক্ষমতা দিন, এটাই প্রার্থনা করব।'

জাকিরের হাত ধরেই ভারত পেয়েছে গ্র্যামি পুরস্কার। 'বেস্ট গ্লোবাল মিউজিক অ্যালবাম' হিসেবে পুরস্কৃত হয় ভারতীয় ব্যান্ড 'শক্তি'র গানের অ্যালবাম 'দিস মোমেন্ট'। বর্তমানে 'শক্তি' ব্যান্ডের প্রধান কণ্ঠশিল্পী হলেন শংকর মহাদেবন।

তবলাবাদক হিসেবে ছিলেন জাকির হোসেন। বেহালায় গণেশ রাজাগোপালন এবং অন্য তালবাদ্যে ভি সেলভাগণেশ। গিটারে জন ম্যাকলকলিন। ২০২৩ সালের ৩০ জুন 'দিস মোমেন্ট' অ্যালবামটি মুক্তি পায়। মোট আটটি ট্র্যাক রয়েছে এই অ্যালবামে।

১৯৫১ সালে মুম্বাইয়ে জন্ম ওস্তাদ জাকির হোসেনের। ভারত সরকারের পদ্মশ্রী, পদ্মভূষণ, পদ্মবিভূষণ সম্মানে ভূষিত হয়েছেন তিনি। মাত্র তিন বছর বয়স থেকে তবলার সফর শুরু তার। সাত বছর বয়সে একা মঞ্চে অনুষ্ঠান করেছেন তিনি।

২ পাতার পর

# ভারতের পররাষ্ট্র নীতিতে পরিবর্তন দরকার : এস জয়শঙ্কর

পরিবর্তন এনেছে। আমরা যখন পররাষ্ট্র নীতিতে পরিবর্তন আনার কথা বলি, যখন নেহরু-পরবর্তী পররাষ্ট্র নীতি গঠনের কথা হয়, তখন এসবকে রাজনৈতিক আক্রমণ হিসেবে গণ্য করা ঠিক হবে না।'

তিনি বলেন, "বিশ্বমঞ্চে ভারত ক্রমশ 'গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী' দেশে পরিণত হচ্ছে। আগামী বছরগুলোতে বিদেশে ভারতের প্রবাসী শ্রমিকের সংখ্যা 'নাটকীয়ভাবে বাড়বে'। আন্তর্জাতিক পর্যায়ে আমরা গতিশীলতার বিস্ফোরণ দেখতে যাচ্ছি। তাই বড় করে ভাবা, দীর্ঘমেয়াদে ভাবা এবং স্মার্ট করে ভাবাই ভবিষ্যতের পররাষ্ট্রনীতি হবে বলে আমার ধারণা।"

# আবাসের টাকা মঙ্গলবার থেকে দেওয়া শুরু হবে, কোন অ্যাকাউন্টে কীভাবে টাকা যাবে জানাল নবান্ন

পাবেন।

এই প্রকল্প নিঃসন্দেহে মাইলফলক। রাজ্যের ১২ লক্ষ পরিবার তথা প্রায় ৫০ লক্ষ মানুষের ভবিষ্যৎ এর সঙ্গে জড়িয়ে। রাজ্যের এই প্রান্তিক মানুষগুলো অবশেষে তাঁদের মাথায় পাকা ছাদ পাবেন। দুই, কোনও রাজ্য সরকার এর আগে নিজের কোষাগার থেকে এত বড় প্রকল্পের ঝুঁকি নেয়নি। প্রধানমন্ত্রী আবাস যোজনা খাতে কেন্দ্র ৬০ শতাংশ অর্থ দেয়। রাজ্য দেয় ৪০ শতাংশ। কিন্তু নরেন্দ্র মোদী সরকার যেহেতু আবাস যোজনা খাতে রাজ্যের জন্য বরাদ্দ ২০২২ সাল থেকে বন্ধ করে রেখেছে, তাই মমতা বন্দ্যোপাধ্যায় স্থির করেছেন, এই খাতে ১০০ শতাংশ টাকাই রাজ্য দেবে। আগে হিসাব করা হয়েছিল, ১১ লক্ষ ৩২ হাজার পরিবারকে এই খাতে টাকা দেওয়া হবে। কিন্তু এখন এত বেশি আবেদন জমা পড়েছে যে সংখ্যাটা বাড়িয়ে প্রায় ১২ লক্ষ করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কীভাবে এই টাকা দেওয়া হবে? সোমবার বিকেলে অর্থ দফতর সূত্রে বলা হয়েছে, এই টাকা সরাসরি উপভোক্তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট বা পোস্ট অফিসের অ্যাকাউন্টে পাঠানো হবে। প্রথম কিস্তিতে দেওয়া হবে ৬০ হাজার টাকা। পরের কিস্তিতে দেওয়া হবে ৪০ হাজার টাকা। আর শেষ কিস্তিতে ২০ হাজার টাকা করে দেওয়া হবে। অর্থাৎ প্রতি পরিবার পিছু ১ লক্ষ ২০ হাজার টাকা করে দেওয়া হবে। আবাস যোজনা খাতে রাজ্যকে ৪০ শতাংশ খরচ বহন করতে হলেও, সেই টাকায় তৈরি বাড়ির উপর প্রধানমন্ত্রী আবাস যোজনার ফলক লাগাতে হয়। এবার যেহেতু রাজ্যই পুরো টাকা দিচ্ছে তাই, প্রকল্পের নাম রাখা হয়েছে 'বাংলার বাড়ি'। মনে করা হচ্ছে, গড়ে ওঠা বাড়ির উপর 'বাংলার বাড়ি' ফলক লাগানো বাধ্যতামূলক করতে পারে নবান্ন। একদিক থেকে এটা যেমন বড় খবর, তেমনই বড় চ্যালেঞ্জের মুখেও রয়েছে সরকার। কারণ এই টাকার সুষ্ঠুবন্টন, সে ব্যাপারে স্বচ্ছতা বজায় রাখা, নিচুতলায় এক শ্রেণির উপদ্রব বন্ধ করা এগুলোর উপরেও নজর রাখতে হবে।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৪ বর্ষ ৩৩৯ সংখ্যা ১৭ ডিসেম্বর, ২০২৪ মঙ্গলবার ০১ পৌষ, ১৪৩১

৩ পাতার পর

## ডায়মণ্ড হারবার ফৌজদারি আদালত বার অ্যাসোসিয়েশনের ১৫৮-তম প্রতিষ্ঠা দিবস উদযাপন

প্রভাব পড়ে বলে তিনি মন্তব্য করেন। তিনি আক্ষেপের সুরে বলেন যে, এই প্রথম কোন বিচারকের উপস্থিতি ছাড়া ডায়মণ্ড হারবার ক্রিমিনাল কোর্ট বারের অনুষ্ঠান হচ্ছে। প্রসঙ্গতঃ উল্লেখ করা যায় যে, বিগত কয়েক মাস ধরে নানা কারণে কোর্টের স্বাভাবিক পরিবেশ নষ্ট হয়েছে বলে বহু আইনজীবী ও বিচার প্রার্থীরা অভিযোগ করে আসছেন। অশোক মুখোপাধ্যায় নবীন ও প্রবীণ আইনজীবীদের সুসম্পর্ক বজায় রাখার সঙ্গে সঙ্গে সুন্দর স্বাভাবিক পরিবেশ বজায় রাখতে সকলকে সচেষ্ট হতে বলেন।

আইনজীবী ও আইনজীবী পরিবারের সদস্যরা নাচ, গান, কবিতা পাঠ, সংলাপ, গিটার বাদন প্রভৃতির মাধ্যমে এক সুন্দর সাংস্কৃতিক অনুষ্ঠান উপহার দেন। আইনজীবী সায়নী পুরকাইতের নাচ সকলের মন ছুঁয়ে যায়। গিটারে লঘু সঙ্গীতের সুর বাজানোয় অনবদ্য আইনজীবী আশীষ চক্রবর্ত্তী। অনুষ্ঠান সঞ্চালনার রাশ ধরে রাখেন প্রণব গায়েন ও অমিতাভ সিকদার। বার অ্যাসোসিয়েশনের সম্পাদক পীতবাস মণ্ডল উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

## সম্পাদকীয়

### এক দেশ এক ভোট এই নিয়ে মোদির বিরুদ্ধে সরব হলেন সাংসদ অভিষেক

এক দেশ এক ভোট বিলের প্রতিবাদে আগেই সরব হয়েছিলেন তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এবার এই বিল নিয়ে মোদী সরকারের বিরুদ্ধে সরব হলেন ডায়মন্ড হারবারের সাংসদ তথা তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়।

অভিষেকের কথায়, "সরকার তো পাহারাদার। পাহারাদার চাইছে ২৫ দিনের পরিবর্তে ২ দিন ডিউটি করতে! এটা হলে সরকারের কোনও অয়াকাউন্টিবিলিটি থাকবে না। মোদী সরকার সেটাই করতে চাইছে। ওরা মানুষের ভোটদানের মৌলিক অধিকার কেড়ে নিতে চাইছে। তবে আমরা যতদিন আছি, এসব হতে দেব না। ওরা হাজার চেষ্টা করুক।এক দেশ এক ভোট প্রস্তাবে বৃহস্পতিবার অনুমোদন দিয়েছে নরেন্দ্র মোদী মন্ত্রিসভা। সোমবার সংসদে পেশ হওয়ার কথা ছিল এই বিল। তবে রবিবারই সোমবারের আলোচ্য সূচির তালিকা থেকে এই বিলের প্রসঙ্গ তুলে নিয়েছিল মোদী সরকার। বিরোধীদের চাপের মুখে পড়েই সরকার সাময়িক পিছু হটেছে বলে মত রাজনৈতিক পর্যবেক্ষকদের।কটাক্ষের সুরে অভিষেক এও বলেন, "এরা তো সংবিধানটাকেই বদলে দিতে চাইছে। এরপরে তো বলবে, ওয়ান ন্যাশন ওয়ান পলিটিক্যাল পার্টি! ওয়ান ন্যাশন ওয়ান লিডার।এ ব্যাপারে গত বৃহস্পতিবারই মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, এটা শুধু অসাংবিধানিক নয়, এটা যুক্তরাষ্ট্রীয় কাঠামোর পরিপন্থী।এবার এ প্রসঙ্গে কেন্দ্রের সরকারের 'বৈষম্যমূলক' আচরণ বোঝাতে ২০২১ সালের বিধানসভা ভোটের প্রসঙ্গ টেনে এনেছেন অভিষেক। তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদকের কথায়, "২০২১ বাংলার সঙ্গে কেরল, অসমে নির্বাচন হয়েছিল। তখন কোভিডের দ্বিতীয় ঢেউয়ের মধ্যেও বাংলায় আট দফায় ভোট করিয়েছিল। যারা একটা রাজ্যে আট দফায় নির্বাচন করায় তাঁরা সারা দেশে এক দফায় নির্বাচন করাবে? এটা হাস্যকর নয়।এমনকী ২০২৪ সালের লোকসভা ভোটে তাঁর ডায়মন্ডহারবার কেন্দ্রে তিন দফায় ভোটের প্রসঙ্গ মনে করিয়ে অভিষেক বলেন, "ভাবুন, একটা লোকসভা কেন্দ্র, সেখানেও তিন দফায় ভোট।অভিষেকের অভিযোগ, এই বিল এনে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছে কেন্দ্র। প্রশ্ন তুলেছেন, একদফায় ভোট করা হবে কেন।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

লক্ষীদেবী ধন সম্পদ দান করেন। পূজার মধ্য দিয়ে লক্ষ্মী দেবীর উপর বিশ্বাস স্থাপিত হয় । লক্ষ্মী দেবীর শান্ত স্বভাব পূজারী কেও শান্ত করে তোলে। লক্ষীদেবীর পুষ্পাঞ্জলী---- ওঁ নমস্তে সর্বভূতানাং বরদাসি হরিপ্রিয়ে যা গতিস্তৎ প্রপন্নানাং সা মে ভূয়াত্তদর্চনাৎ বাংলা অর্থ---হে হরিপ্রিয়া , তুমি সকলকে বর দিয়ে থাক। তোমার আশ্রিতদের যে গতি হয়,তোমার অর্চনার দ্বারা আমরাও যেন তা হয়। তোমাকে নমষ্কার। ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



মৃত্যুঞ্জয় সরদার
(চব্বিশতম পর্ব)



তাঁহার নাম হয় শুক্ল কুরুকুল্লা। যখন তিনি চতুর্ভুজা হন তখন তাঁহার নাম হয় তারোদ্ভব কুরুকুল্লা, উড্ডিয়ান কুরুকুল্লা, হেজ্রক্রম কুরুকুল্লা এবং কল্পোক্ত কুরুকুল্লা। কুরুকুল্লার একটি অষ্টভুজ রূপও আছে। গ্রন্থবিস্তার ভয়ে একটি মাত্র কুরুকুল্লার রূপ এখানে দেওয়া হইল।

উড্ডিয়ানে যে কুরুকুল্লা কল্পিত হইয়াছিলেন বা সেখানে পূজিত হইতেন, তাঁহার নাম স্থান-মাহাত্ম্যে উড্ডিয়ান কুরুকুল্লা নামে পরিচিত হইয়াছিল। ইহাতে দেবী চতুর্ভুজা এবং ভীষণাকৃতি। তাঁহার বিকরাল বদন, মুণ্ডমালা, ললজিহবা, জ্বলৎপিঙ্গলকেশরাজি, ব্যাঘ্রচর্মের বসন, সর্পের ভূষণ ইত্যাদি দর্শকের মনে মহাভীতি সঞ্চার করে। প্রধান হস্তদ্বয়ে তিনি পুষ্পনির্মিত ধনুতে পুষ্পের বাণ যোজনা করিয়া আকর্ণ আকর্ষণ করেন। দ্বিতীয় হস্তদ্বয়ে পুষ্পনির্মিত অঙ্কুষ এবং রক্তপদ্ম ধারণ করেন। কুরুকুল্লার মন্ত্র তান্ত্রিক ষট্কর্মে আকর্ষণ বশীকরণাদি কার্যে ব্যবহৃত হইত" (বিনয়তোষ ৩৬)।

রত্নসম্ভব কুলে পালযুগে সর্বাধিক জনপ্রিয় মাতৃকা সম্ভবত বজ্রতারা, তবে তিনি আমাদের কালীমূর্তিতত্ত্ব আলোচনার ভয়াভয় প্যারামিটারের আওতায় আসবেন না।

"অপরাজিতা।। রত্নসম্ভব-কুলের দেবতা অপরাজিতা একটু অদ্ভুত প্রকৃতির। প্রথমত ইনি হিন্দু দেবতা গণপতিকে পদদলিত করিয়া থাকেন এবং ইঁহার মুদ্রাকে চপেট-দান মুদ্রা নামে অভিহিত করা হয়। অপরাজিতার প্রস্তরমূর্তিতে হাত তুলিয়া ঠিক যেরূপে লোকে চপেট বা চড় মারে সেইরূপে দেবীর হস্ত বিন্যস্ত থাকে। ইনি পীতবর্ণা, দ্বিভুজা, একমুখী, নানা রত্নোপশোভিতা, দক্ষিণে চপেট-দান অভিনয় করেন এবং বামে পাশযুক্ত

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# কলকাতায় বাংলাদেশের বিজয় দিবস পালন



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বাংলাদেশের ৫৩তম মহান বিজয় দিবস পালন করেছে ভারতীয় সেনাবাহিনীর পূর্বাঞ্চলীয় শাখা। এ উপলক্ষ্যে সোমবার সকালে ভারতীয় সেনাবাহিনীর পূর্বাঞ্চলীয় সদর দফতর কলকাতার ফোর্ট উইলিয়ামে ছিল নানা অনুষ্ঠান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভারতের সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমান-বাহিনীর পূর্বাঞ্চলীয় শাখার শীর্ষ কর্মকর্তারা। বিজয় দিবসের অনুষ্ঠানে আরও উপস্থিত ছিল বাংলাদেশ থেকে আসা মুক্তিযোদ্ধা, সশস্ত্র বাহিনীর সদস্য এবং তাদের পরিজন মিলিয়ে ১৭ জনের এক প্রতিনিধি দল। এ দিন সকালে ফোর্ট উইলিয়ামের মূল ফটকের কাছে অবস্থিত বিজয় স্মারক স্মৃতিস্তম্ভে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন ভারতের সাবেক সেনাপ্রধান জেনারেল শংকর রায় চৌধুরী, সেনাবাহিনীর পূর্বাঞ্চলীয় প্রধান লেফটেন্যান্ট জেনারেল রাম চন্দ্র তিওয়ারীসহ দেশটির তিন বাহিনীর কর্মকর্তারা। বাংলাদেশের প্রতিনিধি দলের পক্ষ থেকে শহীদ স্মৃতিতে ফুলেল শ্রদ্ধা জানান মেজর জেনারেল আব্দুস সালাম চৌধুরী (অব.) ও ব্রিগেডিয়ার জেনারেল মো. আমিনুর রহমান। সবশেষে শ্রদ্ধা নিবেদন করেন পশ্চিমবঙ্গের রাজ্যপাল ড. সি ভি আনন্দ বোস। এরপর একটি ফটোসেশনে উপস্থিত ছিলেন রাজ্যপালসহ দুই দেশের প্রতিনিধিরা। এরপর সেনাবাহিনীর মাঠে আয়োজিত একাত্তরের মুক্তিযুদ্ধ সম্বলিত একটি প্রদর্শনী ঘুরে দেখে বাংলাদেশের মুক্তিযোদ্ধা প্রতিনিধি দলটি। মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত দৃশ্য দেখে অনেকেই আবেগতাড়িত হয়ে পড়েন।

# ভারতের সংসদে ফিলিস্তিনের সমর্থনে 'ব্যাগ' দেখালেন প্রিয়াঙ্কা

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন




প্যালেস্টাইন লেখা ব্যাগ নিয়ে ভারতের সংসদে প্রবেশ প্রিয়াঙ্কা গান্ধীর। কয়েকদিন আগেই গাজায় 'গণহত্যা' নিয়ে ইসরাইলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুকে কড়া ভাষায় আক্রমণ করেছিলেন সোনিয়া-কন্যা। এবার বিশেষ ব্যাগ কাঁধে নিয়ে ফিলিস্তিনিদের সমর্থনে বার্তা দিলেন তিনি।

গত বছরের ৭ অক্টোবর ইসরাইলের হামলার শুরু থেকেই ফিলিস্তিনিদের দুর্দশা নিয়ে সরব হয়েছেন প্রিয়াঙ্কা। ওয়ানাড়ের এমপি নির্বাচিত হওয়ার পর প্রথম সংসদ অধিবেশনেও ইসরাইলের বিরুদ্ধে সুর চড়িয়েছিলেন তিনি। আজ সোমবার তাকে দেখা যায় বিশেষ এক ব্যাগ কাঁধে নিয়ে সংসদে ঢুকতে। যা নজরে কাড়ে সকলের। ব্যাগটিতে বড় বড় অক্ষরে লেখা প্যালেস্টাইন। এর ঠিক নিচেই আঁকা রয়েছে একটি তরমুজ। যা ফিলিস্তিনিদের প্রতি সংহতির প্রতীক।

গত জুলাই মাসে নেতানিয়াহুকে তোপ দেগে প্রিয়াঙ্কা বলেছিলেন, "গাজায় গণহত্যা চালাচ্ছে ইসরাইলি সরকার। এখনই তাদের এই অভিযান বন্ধ করা উচিত। নৈতিক দায়িত্ব সম্পন্ন সকল ব্যক্তিদের এমনকী ইসরাইলের নাগরিক যারা ঘৃণা-হিংসার বিপক্ষে, সকলের উচিত নেতানিয়াহুর সরকারের বিরুদ্ধে প্রতিবাদ জানানো। এই যুদ্ধকে বর্বরতা ও সভ্যতার মধ্যে লড়াই বলেছিলেন নেতানিয়াহু। কিন্তু তার সরকারই বর্বরতা করছে।" কয়েকমাস আগে মার্কিন কংগ্রেসে ভাষণ দিয়েছিলেন নেতানিয়াহু। বক্তব্য রাখার পর উঠে দাঁড়িয়ে হাততালি দিয়েছিলেন আমেরিকার আইনসভার সদস্যরা। এনিয়েও সরব হন প্রিয়াঙ্কা।

এর আগেও গাজা যুদ্ধে ফিলিস্তিনিদের সমর্থন করা নিয়ে কংগ্রেস নেত্রীকে একহাত নিয়েছিল গেরুয়া শিবির। বিজেপির বক্তব্য ছিল, ফিলিস্তিনের প্রতি সহানুভূতি দেখিয়ে মেরুকরণের রাজনীতি করছেন প্রিয়াঙ্কা। তিনি আসলে মুসলিম ভোট টানার চেষ্টা করছেন। কিন্তু এই মন্তব্যে মাথা ঘামাননি সোনিয়া-কন্যা। গত সপ্তাহেই তিনি দিল্লির ফিলিস্তিনি দূতাবাসের রাষ্ট্রদূত এলরাজেগ আবু জাজেরের সঙ্গেও দেখা করেন।

# একাত্তরে ভারত ছিল বিজয়ের মিত্র, এর বেশি নয় : আসিফ নজরুল



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ নিয়ে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বক্তব্যের তীব্র প্রতিবাদ জানিয়েছেন অন্তর্বর্তীকালীন সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. আসিফ নজরুল। আইন উপদেষ্টা তার ভেরিফাইড ফেসবুকে এক স্ট্যাটাসে লেখেন,তীব্র প্রতিবাদ করছি। ১৬ ডিসেম্বর ১৯৭১ ছিল বাংলাদেশের বিজয়ের দিন।ভারত ছিল এই বিজয়ের মিত্র, এর বেশি কিছু নয়।

এর আগে সোমবার সোশ্যাল মিডিয়ার এক পোস্টে ভারতীয় প্রধানমন্ত্রী বলেন, আজ বিজয় দিবসে আমরা ১৯৭১ সালে 'ভারতের ঐতিহাসিক বিজয়ে' অবদান রাখা সাহসী সৈন্যদের সাহস ও আত্মত্যাগকে সম্মান জানাই। তাদের নিঃস্বার্থ উৎসর্গ ও অটল সংকল্প আমাদের জাতিকে রক্ষা করেছে এবং আমাদের গৌরব এনে দিয়েছে।এই দিনটি তাদের অসাধারণ বীরত্ব এবং অদম্য চেতনার প্রতি শ্রদ্ধাঞ্জলি। তাদের আত্মত্যাগ চিরকাল প্রজন্মকে অনুপ্রাণিত করবে এবং আমাদের জাতির ইতিহাসে গভীরভাবে গেঁথে থাকবে।

অর্থাৎ, পোস্টে সুকৌশলে বাংলাদেশের মুক্তিযুদ্ধকে ভারতের যুদ্ধ বলে দাবি করেছেন নরেন্দ্র মোদি। পাশাপাশি, বিজয় দিবসটা যে দেশের, সেই বাংলাদেশের নামই এড়িয়ে গেছেন তিনি।অবশ্য মোদির এ ধরনের অপচেষ্টা এটাই প্রথম নয়। এর আগেও এই কাজ করেছেন তিনি। এ নিয়ে তীব্র সমালোচনার মুখেও পড়েছিলেন ভারতীয় প্রধানমন্ত্রী।

সিনেমার খবর cinema TV

# এখন কত সম্পত্তির মালিক কোহলি-আনুশকা?



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

২০১৭ সালের ১১ ডিসেম্বর বিদেশে গিয়ে বিলাসবহুল বিয়ে সেরে অনুরাগীদের চমকে দিয়েছিলেন ভারতের তারকা ক্রিকেটার বিরাট কোহলি ও জনপ্রিয় অভিনেত্রী আনুশকা শর্মা। এরপর দেখতে দেখতে কেটে গেছে সাত বছর। ইতালির লেক কোমোতে গিয়ে বিয়ে করেছিলেন তারকা দম্পতি। ঘনিষ্ঠ পরিজন ও আত্মীয়রাই উপস্থিত ছিলেন তাদের বিয়েতে। কোহলি-আনুশকার হাত ধরেই শুরু হয়েছিল ভারতীয় তারকাদের 'ডেস্টিনেশন ওয়েডিং'। এই মুহূর্তে বি-টাউনের অন্যতম 'প্রভাবশালী দম্পতি' তারা। বর্তমানে তারা দুই সন্তান ভামিকা ও আকায়-এর বাবা-মা। ২০২১-এ কোহলি-আনুশকা প্রথম সন্তান ভামিকার জন্ম হয়। ২০২৪-এর ফেব্রুয়ারিতে দম্পতির কোলে আগমন আকায়ের। আদর্শ দম্পতির তকমা থাকার পাশাপাশি তাদের সম্পত্তির পরিমাণও অনেক। দু'জনের মোট সম্পত্তির পরিমাণ ১৩০০ কোটি রুপির।

এক দিকে ক্রিকেট তারকা হিসেবে বিসিসিআই-এর সঙ্গে চুক্তিবদ্ধ থাকায় প্রতি বছর ৭ কোটি রুপি আয় কোহলির। তার সঙ্গে টেস্ট ম্যাচের জন্য ১৫ লাখ রুপি পারিশ্রমিক পান তিনি। এছাড়া একদিনের আন্তর্জাতিক বা টি-২০ ম্যাচের জন্যও রয়েছে নির্দিষ্ট পারিশ্রমিক। ক্রিকেটের পাশাপাশি বিভিন্ন ব্যান্ডের হয়ে প্রচার করেও উপার্জন করেন কোহলি। প্রতি ইনস্টাগ্রাম পোস্ট ও এক্স-হ্যান্ডলের পোস্টের জন্য যথাক্রমে ৮ কোটি ৯ লাখ রুপি ও ২ কোটি ৫ লাখ রুপি পারিশ্রমিক নেন তিনি। এর পাশাপাশি কোহলি একজন সফল ব্যবসায়ী। একাধিক রেস্তঁরাও রয়েছে তার। বিভিন্ন স্টার্টআপ কোম্পানিতে বিনিয়োগও করেছেন তিনি।

অন্যদিকে, ছবিতে অভিনয় করার পাশাপাশি বর্তমানে প্রযোজক হিসেবেও নিজের পরিচিতি তৈরি করেছেন আনুশকা। 'এন এইচ১০', 'পরী', 'বুলবুল'-এর মতো সফল ছবি রয়েছে তার ঝুলিতে। তার সঙ্গে আনুশকার নিজস্ব পোশাকের ব্র্যান্ড রয়েছে। বিভিন্ন কোম্পানিতেও তিনি বিনিয়োগ করেছেন। ব্র্যান্ডের প্রচার করেও উপার্জন করেন অভিনেত্রী।

# কারিনার অন্তঃসত্ত্বার খবরে যা বলেছিলেন আমির



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

বলিউডে আমির খান ও কারিনা কাপুর জুটি বেঁধে খুব বেশি ছবি না করলেও তাদের রসায়ন মন কাড়ে আপামর দর্শকের। থ্রি ইডিয়টস ও তালাশ ছবি যার জলজ্যান্ত উদাহরণ। এর এক দশক পর ২০২২ সালে লাল সিং চাড্ডায় আবার ফেরে আমির-কারিনা জুটি। যদিও বক্স অফিসে ফ্লপ এই ছবিটি। কিন্তু এই ছবির কাজ থেকে একটা সময় সরে আসতে চেয়েছিলেন কারিনা! কারণ, ছবির শ্যুটিংয়ের মাঝেই তিনি জানতে পারেন- দ্বিতীয়বারের মতো মা হতে চলেছেন নায়িকা।

সময়টা তখন করোনা মহামারির। চলছে লকডাউন। এতে অবশ্য থমকেই ছিল লাল সিং চাড্ডার শ্যুটিং। এর মধ্যেই অন্তঃসত্ত্বা হয়ে পড়েন কারিনা। এমন অবস্থায় শ্যুটিং থেকে দূরে থাকতে চান কারিনা। তাই স্বামী সাইফ আলি খান নায়িকাকে পরামর্শ দেন- বিষয়টি সহ অভিনেতা আমির খানকে জানাতে। সে মতো আমিরকে নিজের অন্তঃসত্ত্বা হওয়ার খবর জানাতে আমিরকে ফোন করেন কারিনা।

কিন্তু মি. পারফেকশনিস্ট খ্যাত আমির খানের জবাবে চমকে যান কারিনা। এক তারকা বৈঠকে কারিনা জানান, ছবির পুরো টিম শ্যুটিংয়ের সময় তার প্রতি যে সদয় আচরণ করেছে। অভিনেত্রী বলেন, 'লাল সিং চাড্ডা ছবির শ্যুটিংয়ের সময় কোভিড চলে আসে এবং তারপরে আমি গর্ভবতী (জেহর জন্মের আগে) হয়ে পড়ি। আমি চিন্তায় পড়ে যাই। কারণ, সিনেমার মাঝখানে আছি আমরা। তখন সাইফ আমাকে বলে, তোমার এ বিষয়টি সবার আগে আমিরকে বলা উচিত। আমি ভাবলাম, আমির এটাকে কিভাবে নেবে জানি না, কারণ তখনো ছবির অর্ধেক শ্যুটিং বাকি আছে।'

এরপর আমিরের জবাব তুলে কারিনা বলেন, 'আমি আমিরকে ফোন করে বলি, আমাকে রিপ্লেস করে নিতে। বলি, আমি একজন মা এবং আমি আমার দ্বিতীয় সন্তান নিতে চাই। একরকম বিড়বিড় করছিলাম। আমির শুধু বললেন- আমি তোমার জন্য খুব খুশি। আমরা এই ছবিটা করছি এবং আমরা একসঙ্গেই করছি। আমি তোমার জন্য অপেক্ষা করব, এবং যাই হোক না কেন, তুমি থাকছো।'

সবশেষ কারিনা বলেন, 'ইন্ডাস্ট্রিতে এমন কিছু লোক আছেন যারা আপনাকে জীবন এগিয়ে যাওয়ার জন্য এবং আপনার সিদ্ধান্তে অটল থাকার জন্য আপনাকে মূল্য দেবে। আমি খুব খুশি যে আমির এটা করেছিল এবং আমরা এই ছবিটা একসঙ্গে করতে পেরেছি।'

# ফের কম বয়সী যুবকের প্রেমে মালাইকা, কে এই নতুন পুরুষ



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

ক্যারিয়ারের চেয়ে ব্যক্তিগত জীবন নিয়ে বেশি আলোচনায় থাকেন বলিউড অভিনেত্রী মালাইকা আরোরা। আরবাজ খানের সঙ্গে ১৭ বছরের বিয়ে টেকেনি অভিনেত্রীর। এরপর হাঁটুর বয়সী অর্জুন কাপুরের সঙ্গে ৫ বছরের প্রেম। আর তা ভাঙতেই এবার নতুন প্রেমে মালাইকা! বি-টাউনে গুঞ্জন, রাহুল বিজয় নামে এক যুবকের প্রেমে মজেছেন অভিনেত্রী।

গায়ক এপি ধিলোর একটি কনসার্ট থেকে গুঞ্জনের শুরুটা হয়েছিল । একটি ভাইরাল ক্লিপে দেখা যায়, এপি মালাইকাকে মঞ্চে উষ্ণ আলিঙ্গন করেন। কিন্তু না, এপি ধিলোঁর সঙ্গে ডেট করছেন না মালাইকা। মালাইকার নতুন প্রেমিক রাহুল বিজয়, যার সাথে তিনি একটি কনসার্টে অংশ নিয়েছিলেন।

সম্প্রতি এক ইনস্টাগ্রাম স্টোরিতে কনসার্ট থেকে মালাইকার একটি ছবি শেয়ার করেন রাহুল। ক্যাপশনে তিনি লেখেন, 'দাঁড়ান, এটা কি মালাইকার কনসার্ট ছিল?' এরপরে দুজনের একটি মিষ্টি সেলফিও শেয়ার করেন রাহুল। কিন্তু মালাইকার জীবনের কে এই নতুন পুরুষ, যিনি নায়িকার মনের ক্ষত সারাচ্ছেন।

রাহুল একজন ফ্যাশন স্টাইলিস্ট এবং ফ্যাশন ডিজাইনের ডিগ্রিধারী সৃজনশীল পরামর্শদাতা। তিনি জি-কিউ ইন্ডিয়া, হার্পার্স বাজার ইন্ডিয়া এবং এলির মতো জনপ্রিয় ফ্যাশন ম্যাগাজিনের প্রাক্তন সম্পাদক।

এছাড়াও রাহুল বিনোদন জগতের সাথেও দীর্ঘদিন সংযুক্ত রয়েছেন। সারা আলি খান, আলিয়া ভাটের জিগরা সহ-অভিনেতা বেদাঙ্গ রায়না, ভিকি কৌশল, সুনীল শেঠি এবং আথিয়া শেঠির মতো বেশ কয়েকটি জনপ্রিয় সেলিব্রিটির সাথে কাজ করেছেন তিনি। চলতি মাসের শুরুতেই জিকিউ মেন অফ দ্য ইয়ার অ্যাওয়ার্ডের জন্য অর্জুন কাপুরকেও স্টাইল করেছিলেন তিনি।

২০১১ সালে ফ্যাশন ইন্টার্ন হিসেবে ক্যারিয়ার শুরু করেছিলেন রাহুল। ইন্ডাস্ট্রিতে তার বয়স মাত্র ১৩ বছর। এখনও ৪০-এর গণ্ডি পার করেননি মালাইকার নতুন প্রেমিক। অভিনেত্রীর চেয়ে বয়সে অনেক ছোট তিনি।

উল্লেখ্য, আরবাজ খানের ডিভোর্স মঞ্জুর হওয়ার আগেই অর্জুনকে নিয়ে ডেট করা শুরু করেছিলেন মালাইকা। কিন্তু চলতি বছরের অক্টোবরে 'সিংহাম অ্যাগেইন' ছবির প্রচারে অর্জুন স্পষ্ট বলেছিলেন, তিনি এখন সিঙ্গেল। এখন মালাইকার জীবনে এসেছে অন্য পুরুষ।

# 'পুষ্পা ২' শো শেষে সিনেমা হল থেকে মরদেহ উদ্ধার



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

'পুষ্পা-২'র প্রিমিয়ারের দিন আল্লু অর্জুনকে দেখতে গিয়ে নারীর মৃত্যু হয়েছিল। এবার সিনেমার শো শেষে ৩৫ বছরের এক যুবকের মরদেহ উদ্ধার করল পুলিশ। অন্ধ্রপ্রদেশের অনন্তপুর জেলার রায়দুর্গম শহরের প্যালেস সিনেমা হলে ঘটনাটি ঘটে।

মৃত যুবকের নাম মদানাপ্পা। পেশায় শ্রমিক এবং উদেগোলাম গ্রামের বাসিন্দা চার মদানাপ্পা সন্তানের জনক।

পুলিশ সূত্রে খবর, ম্যাটিনি শো-এ 'পুষ্পা ২' সিনেমা দেখতে গিয়েছিলেন তিনি। অভিযোগ, সেই সময় মদানাপ্পা নেশাগ্রস্ত অবস্থায় ছিলেন। পুলিশের ডেপুটি সুপার রবি বাবু বলেন, শো শেষে সন্ধ্যা ৬টার দিকে পরিচ্ছন্নতা কর্মীরা তাকে মৃত অবস্থায় দেখতে পান। ঠিক কখন, কীভাবে তিনি মারা গেছেন তা এখনও স্পষ্ট নয়। ময়নাতদন্ত শেষে বিষয়টি পরিষ্কার হবে।

মুক্তির প্রথম সপ্তাহে বিশ্বব্যাপী ৮০০ কোটি রুপি তুলে নিয়েছে 'পুষ্পা ২'। প্রথমদিনই 'আরআরআর'-এর রেকর্ড হাতিয়ে নিয়েছে 'পুষ্পা ২'। এর আগ পর্যন্ত ১৩৩ কোটি তুলে ফার্স্ট ডের ওপেনিং কালেকশনের রেকর্ড নিজের করে রেখেছিল 'ত্রিপল আর'। ১৭৪ ক্রোড় আয় করে ছবিটিকে হটিয়ে দিয়েছে আল্লু-রাশমিকার ছবিটি।

# আজান শুনতে পাওয়ায় বেঁচে ফিরলেন অপহৃত অভিনেতা



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

কয়েকদিন আগে অপহরণের শিকার হয়েছিলেন বলিউড অভিনেতা মুস্তাক খান। সেখান থেকে অবশ্য তিনি পালিয়েও এসেছেন, আর জানিয়েছেন অপহরণের পর অবর্ণনীয় নির্যাতনের কথা। জানা যায় সেই ঘটনাই সম্প্রতি ভারতীয় গণমাধ্যমে জানান মুস্তাকের ব্যবসায়িক পার্টনার শিবম। জানান, মুস্তাককে দিল্লী-মিরাট হাইওয়ে থেকে অপহরণ করা হয়েছিল। অপহরণের আগে মুস্তাক খানকে বিমানের টিকিট-সহ এক ইভেন্টের জন্য আমন্ত্রণ জানানো হয়। এমনকি অভিনেতার ব্যাংক অ্যাকাউন্টে অগ্রিম টাকাও পাঠানো হয়েছিল। অভিনেতা যখন দিল্লী বিমানবন্দরে পৌঁছান, তখন তাকে একটি গাড়িতে বসতে বলা হয়। সেই গাড়ি একপর্যায়ে অভিনেতাকে নিয়ে যায় দিল্লী শহরের উপকণ্ঠে।

শিবম জানান জানান, অপহরণকারীরা প্রায় ১২ ঘণ্টা ধরে মুস্তাককে নির্যাতন করে এবং এক কোটি রুপি মুক্তিপণ দাবি করে। এছাড়াও অপহরণকারীরা অভিনেতা ও তার ছেলের অ্যাকাউন্ট থেকে ২ লক্ষ রুপিরও বেশি হাতিয়ে নিয়েছে।ভোরে আজানের আওয়াজ শুনে মুস্তাক বুঝতে পারেন, কাছেই একটি মসজিদ আছে এবং কোনোরকমে আটকে রাখা জায়গা থেকে পালিয়ে যান। এরপর তিনি বাড়ি পৌঁছানোর জন্য জনগণ ও পুলিশের সহায়তা চান।

তিনি আরও জানান, মুস্তাক স্যারের সঙ্গে যা ঘটেছে তাতে পুরোপুরি হতবাক অভিনেতা। তিনি নিজেকে সামলে নেওয়ার পরে এফআইআর দায়ের করবেন বলেও জানিয়েছেন। মুস্তাকের পরিবারের দাবি, পুলিশের টিম নিশ্চয়ই খুব তাড়াতাড়ি অপরাধীদের ধরবে। প্রসঙ্গত, বলিউডের বেশকিছু সিনেমায় অভিনিয় করে দর্শকপ্রিয়তা পেয়েছেন মুস্তাক খান। 'ওয়েলকাম' ও 'স্ত্রী টু' সিনেমাতেও দেখা যায় তাকে।

# রুটকে পেছনে ফেলে টেস্টে এক নম্বর ব্রুক




স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

ওয়েলিংটন টেস্ট শেষেই জো রুট বলে দিয়েছিলেন এই মুহূর্তে হ্যারি ব্রুকই বিশ্বের সেরা খেলোয়াড়। ইংল্যান্ডের সাবেক অধিনায়ক এটাও বলেছিলেন তাঁর জুনিয়র সতীর্থের ধারেকাছেও কেউ নেই এই সময়ে।

রুটের মৌখিক স্বীকৃতির পর কাগজে-কলমেও বিশ্বসেরার স্বীকৃতিটা পেয়ে গেলেন ব্রুক। আইসিসি র‍্যাঙ্কিংয়ে ব্রুকই এখন টেস্টে বিশ্বের এক নম্বর ব্যাটসম্যান। আজ প্রকাশিত র‍্যাঙ্কিংয়ে প্রথমবারের মতো শীর্ষে উঠে এলেন দুর্দান্ত ফর্মে থাকা ব্যাটসম্যান। ব্রুক শীর্ষস্থান কেড়েছেন রুটের। দুজনের পার্থক্যটা মাত্র ১ পয়েন্টের।

ওয়েলিংটন টেস্টের দুই ইনিংসে ১২৩ ও ৫৫ রান করে দলকে ৩২৩ রানে জয় এনে দিতে বড় ভূমিকা রাখেন ব্রুক। ২৩ টেস্টের ক্যারিয়ারে এটি ছিল ব্রুকের অষ্টম সেঞ্চুরি। ওই ম্যাচে প্রথম ইনিংসে ৩ রান করার পর দ্বিতীয় ইনিংসে ১০৬ রান করেন রুট। সর্বশেষ র‍্যাঙ্কিংয়ে ব্রুকের পয়েন্ট ৮৯৮, রুটের ৮৯৭।

সর্বশেষ র‍্যাঙ্কিংয়ে এগিয়েছে অস্ট্রেলিয়ার ট্রাভিস হেড ও দক্ষিণ আফ্রিকার টেম্বা বাভুমা। অ্যাডিলেডে ভারতের বিপক্ষে সেঞ্চুরি করে ছয় ধাপ এগিয়ে পাঁচে উঠে এসেছেন হেড। গেবেখায় শ্রীলঙ্কার বিপক্ষে জোড়া ফিফটি পাওয়া প্রোটিয়া অধিনায়ক বাভুমা তিন ধাপ এগিয়ে উঠেছেন সাতে। শ্রীলঙ্কার কামিন্দু মেন্ডিস এক ধাপ এগিয়ে উঠেছেন ছয়ে।

বাংলাদেশের ব্যাটারদের মধ্যে সবচেয়ে বড় লাফ দিয়েছেন জাকের আলী। কিংস্টনে দ্বিতীয় ইনিংসে ৯১ রান করে বাংলাদেশের জয়ে বড় অবদান রাখা জাকের ২১ ধাপ এগিয়ে উঠেছেন ৬৩ নম্বরে। অধিনায়ক মেহেদী হাসান মিরাজ ৬ ধাপ এগিয়ে উঠেছেন ৬২ নম্বরে। টেস্ট বোলিংয়ে এক নম্বর জায়গাটা ধরে রেখেছেন ভারতের জাসপ্রিত বুমরা। রবিচন্দ্রন অশ্বিনকে পাঁচে নামিয়ে চার নম্বরে উঠে এসেছেন অস্ট্রেলিয়ার অধিনায়ক প্যাট কামিন্স।

বাংলাদেশের বোলারদের মধ্যে এগিয়েছেন তাইজুল ইসলাম আর তাসকিন আহমেদ। তিন ধাপ এগিয়ে তাইজুল ২১ নম্বরে, তাসকিন ৪৯ নম্বরে। হাসান মাহমুদ সাত ধাপ এগিয়ে উঠেছেন ৫১ নম্বরে। ১৫ ধাপ এগিয়ে ৭৩ নম্বরে উঠে এসেছেন নাহিদ রানা।

# ডর্টমুন্ডের মাঠে বার্সার রোমাঞ্চকর জয়

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

হার দিয়ে উয়েফা চ্যাম্পিয়ন্স লিগ শুরুর পর টানা পাঁচ ম্যাচেই জয় তুলে নিয়েছে বার্সেলোনা। সর্বশেষ ম্যাচে বরুসিয়া ডর্টমুন্ডের মাঠেও শেষ হাসি হেসেছে কাতালানরা। ম্যাচে জোড়া গোল পেয়েছেন বার্সার ফেরান তোরেস ও ডর্টমুন্ডের শেহরু গুইরাসি।

সিগন্যাল ইদুনা পার্কে বরুশিয়া ডর্টমুন্ডকে ৩-২ গোলে হারিয়েছে বার্সা।



ম্যাচের ১৪তম মিনিটে প্রথম বড় সুযোগ পায় বার্সেলোনা। ডানদিক থেকে বক্সে রাফিনিয়াকে দারুণ এক পাস দেন লামিনে ইয়ামাল। কিন্তু ওয়ান-অন-ওয়ানে শটটি লক্ষ্যে রাখতে পারেননি এই ব্রাজিলিয়ান ফরোয়ার্ড। এরপর একইভাবে সুযোগ হাতছাড়া করেছে স্বাগতিক ডর্টমুন্ডও। বক্সের বাইরে থেকে উড়িয়ে বল মারেন অস্ট্রিয়ান মিডফিল্ডার মার্সেল সাবিৎজার। এরপর শট নিয়ে ডর্টমুন্ড গোলরক্ষকের সামনে পরাস্ত হয়েছেন ইয়ামাল। বিরতির আগে সমান একটি করে সুযোগ তৈরি করে জালে জড়াতে ব্যর্থ হয় দুই দলই।

বিরতি থেকে ফিরে ৫২তম মিনিটে বার্সেলোনাকে কাঙ্ক্ষিত গোল এনে দেন রাফিনিয়া। দানি ওলমোর থ্রু বল ধরে বক্সে ঢুকে চমৎকার শটে বল জালে জড়ান তিনি, যা চলতি মৌসুমে তার সবমিলিয়ে ১৭তম গোল। চলমান চ্যাম্পিয়ন্স লিগের ৬ ম্যাচে এটি তার ষষ্ঠ গোল, এই মুহূর্তে রাফিনিয়ার সামনে আছেন কেবল ক্লাব সতীর্থ রবার্ট লেয়ানডস্কি (৭)।

ম্যাচে লিড নেওয়ার স্বস্তি বেশিক্ষণ টেকেনি বার্সার। কারণ ডর্টমুন্ডের গুইরাসিকে বক্সে ধাক্কা দিয়ে ফেলে তাদের পেনাল্টি এনে দেন ডিফেন্ডার পাউ কুবারসি। সফল স্পট কিকে অস্ট্রিয়ান তারকা ডর্টমুন্ডকে সমতায় ফেরান। এরপর বার্সাকে ফের লিড এনে দেন বদলি নামা স্প্যানিশ ফরোয়ার্ড তোরেস। ৭৫তম মিনিটে তার গোলের তিন মিনিট বাদেই ফের গুইরাসির গোলে ম্যাচে ফেরে ডর্টমুন্ড।

ড্রয়ের দিকে এগোতে থাকা ম্যাচের নির্ধারিত সময়ের পাঁচ মিনিট বাকি থাকতে আবারও তোরেসের গোল। ১০ মিনিটের মধ্যে দ্বিতীয় গোল করে বার্সার জয় নিশ্চিত করেন এই ২৪ বছর বয়সী ফরোয়ার্ড। এই জয়ে চ্যাম্পিয়ন্স লিগ টেবিলের দ্বিতীয় স্থানে উঠে গেছে বার্সেলোনা। ৬ ম্যাচে তাদের পয়েন্ট ১৫, শীর্ষে থাকা লিভারপুলের পয়েন্ট ১৮।

# দুই ম্যাচের জন্য নিষিদ্ধ বার্সেলোনা কোচ

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন



দুই ম্যাচের জন্য নিষিদ্ধ হয়েছেন বার্সেলোনা কোচ হান্সি ফ্লিক।

রিয়াল বেতিসের বিপক্ষে ম্যাচে আপত্তিকর প্রতিক্রিয়া জানানোর শাস্তি হিসেবে আগেই লাল কার্ড পেয়েছিলেন তিনি। এবার দুই ম্যাচ নিষিদ্ধ হলেন ফ্লিক। চ্যাম্পিয়ন্স লিগে বুধবার বরুশিয়া ডর্টমুন্ডের বিপক্ষে মাঠে নামবে বার্সেলোনা। এদিনই ফ্লিকের শাস্তির খবর আসে। অবশ্য তার এই নিষেধাজ্ঞা ইউরোপ সেরা টুর্নামেন্টে নয়, লা লিগায় দলের পরের দুই ম্যাচে লেগানেস ও আতলেতিকো মাদ্রিদের বিপক্ষে ডাগআউটে দাঁড়াতে পারবেন না জার্মান কোচ।

ফ্লিকের নিষেধাজ্ঞার বিরুদ্ধে বার্সেলোনা আপিল করবে, সূত্রের মাধ্যমে এমনটা জানতে পেরেছে বলে নিজেদের প্রতিবেদনে লিখেছে ইএসপিএন।

লা লিগায় গত শনিবারের ওই ম্যাচে দ্বিতীয়ার্ধে ব্রাজিলিয়ান ফরোয়ার্ড ভিতো হককে ফ্রেংকি ডি ইয়ং ফাউল করলে পেনাল্টি পায় বেতিস। ভিএআর মনিটরে লম্বা সময় ধরে দেখে এই সিদ্ধান্ত নেন রেফারি। তখন ক্ষুব্ধ প্রতিক্রিয়া দেখানোয় লাল কার্ড দেখেন ফ্লিক।

ম্যাচের পর সংবাদ সম্মেলনে অবশ্য তিনি বলেন, তার ওই প্রতিক্রিয়া রেফারির উদ্দেশ্যে ছিল না।

“আমি কাউকে কিছু বলিনি। এটা কেবল আমার নিজের একটা প্রতিক্রিয়া। আমাকে এটা মেনে নিতে হবে। আমি রেফারিদের নিয়ে কথা বলতে চাই না। আমি কখনও এটা করি না। আমার মনে হয়, ওই সময়ে ওটা তাৎক্ষণিক একটা প্রতিক্রিয়া ছিল মাত্র, কারণ পেনাল্টি ছিল কি-না, তা দেখতে দীর্ঘ সময় লাগে।”

“(লাল কার্ড পাওয়ায়) আমি সত্যিই হতাশ। ভেবেছিলাম, আমার সঙ্গে এমনটা কখনই ঘটবে না। কিন্তু এখানে হল্যোআমাকে মেনে নিতে হবে।”

সাম্প্রতিক সময়ে ঘরোয়া লিগে এমনিতেও সময়টা ভালো যাচ্ছে না বার্সেলোনার। সবশেষ পাঁচ ম্যাচে মাত্র একটিতে জিততে পেরেছে তারা, বাকি চার ম্যাচে দুটি করে হেরেছে ও ড্র করেছে। তারপরও অবশ্য এখনও লিগ টেবিলে শীর্ষে আছে কাতালান ক্লাবটি। ১৭ ম্যাচে ৩৮ পয়েন্ট তাদের। এক ম্যাচ কম খেলে ৩৬ পয়েন্ট নিয়ে দুইয়ে রেয়াল মাদ্রিদ।

## বৃষ্টি-বিপর্যয়,

# মন্দ আলোয় দিন শেষে ভারতের প্রাপ্তি 'অজানা'

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

সিরিজের শুরুটা যেমন হয়েছিল তাতে উৎসবের মেজাজ ছিল ভারতীয় শিবিরে। পারথের প্রথম ইনিংসে মাত্র ১৫০ রানে অলআউট থেকে দুর্দান্ত কামব্যাক এবং ২৯৫ রানের বিশাল ব্যবধানে জয়। কিন্তু অ্যাডিলেড থেকে চরম হতাশার শুরু। যা বজায় রয়েছে ব্রিসবেনেও। এখন আবহাওয়াই যেন ভরসা ভারতীয় শিবিরে। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালের রাস্তাও ধোঁয়াশায়। এই সিরিজ অন্তত ৪-১ ব্যবধানে জিতলে কোনও অঙ্ক থাকত না। ৩-১ জিতলেও ফাইনাল হতে পারে। সিরিজ হারলে কোনও সম্ভাবনা নেই। অন্য ব্যবধানে সিরিজ জিতলেও জটিল অঙ্ক। ম্যাচের তৃতীয় দিন কী পরিস্থিতিতে দাঁড়িয়ে ভারত?




দিনের শুরুতে ভারতের টার্গেট ছিল অস্ট্রেলিয়াকে দ্রুত অলআউট করা। শুরুটা করেন জসপ্রীত বুমরা। এরপর সিরাজ ও আকাশ দীপের উইকেটে ৪৪৫ রানে অলআউট অস্ট্রেলিয়া। ভারতীয় ইনিংস শুরুর আগে ফের বৃষ্টি এবং শুরুর পর ব্যাটিং বিপর্যয়। ১৩ বলের মধ্যেই যশস্বী, শুভমন আউট। কোহলির ইনিংসও বিরাট হয়নি। বারবার বৃষ্টির কারণে খেলা থামাতে হয়েছে। প্রতিবারই বিরতি থেকে ফিরলেই যেন নতুন ধাক্কার আশঙ্কা। হলও তাই। একটা বৃষ্টি বিরতির পরই আউট ঋষভ পন্থও। লোকেশ রাহুলের সঙ্গে ক্রিজে যোগ দেন রোহিত শর্মা। বৃষ্টিতে আবারও থামে খেলা।

দীর্ঘ অপেক্ষার পর খেলা শুরু হলেও লাভ হয়নি। মাত্র ১৭টি ডেলিভারি হয়েছে। মন্দ আলোর কারণে আম্পায়াররা পরিষ্কার করে দিয়েছিলেন, পেসারদের দিয়ে বোলিং করানো যাবে না। নাথান লিয়ঁর সঙ্গে উল্টোপ্রান্তে বোলিংয়ে আসেন পার্টটাইম স্পিনার ট্রাভিস হেড। আলো অবশ্য উন্নতি হয়নি। দিনের খেলার তখনও অন্তত ১১ ওভার বাকি। সে সময়ই দিনের খেলা শেষ ঘোষণা করতে বাধ্য হন আম্পায়াররা। ১৭ বলের লাস্ট 'সেশনে' ভারত কোনও উইকেট হারায়নি।

অস্ট্রেলিয়ার ৪৪৫ রানের জবাবে ভারতের স্কোর ৫১-৪। চতুর্থ দিনও বৃষ্টির পূর্বাভাস রয়েছে। এই ম্যাচে ফলের সুযোগ কম। আর ফল হলে ভারতের পক্ষে যাবে না, এটা যেন এখনই বলে দেওয়া যায়।

# ক্যারিবীয় পেসারকে শাস্তি দিলো আইসিসি

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন



ওয়েস্ট ইন্ডিজ সফরের প্রথম ওয়ানডে ম্যাচে দারুণ লড়েছিল বাংলাদেশ। দ্বিতীয় ম্যাচে পাত্তাই পেল না মেহেদী মিরাজের দল। হেরেছে ৭ উইকেটের বড় ব্যবধানে। এক ম্যাচ থাকতে হারল সিরিজ। ওয়ার্নার পার্কের এই জয়ের মাধ্যমে এক ম্যাচ হাতে রেখে সিরিজও জিতে নিল ওয়েস্ট ইন্ডিজ। অবশ্য দ্বিতীয় ম্যাচে মাঠে নামার আগেই বড় দুঃসংবাদ পায় স্বাগতিকরা। তারকা পেসার আলজারি জোসেফকে শাস্তি দেয় আইসিসি।

গত রবিবার প্রথম ওয়ানডে ম্যাচ শুরুর আগে আম্পায়ারের সঙ্গে খারাপ আচরণ করেন ক্যারিবীয় পেসার আলজারি জোসেফ। যে আচরণের কারণে ম্যাচ ফির ২৫ শতাংশ জরিমানা করা হয়েছে জোসেফকে। সেন্ট কিটসে দ্বিতীয় ওয়ানডে শুরুর ঘণ্টা দেড়েক আগে দেওয়া সংবাদ বিজ্ঞপ্তিতে জোসেফের শাস্তির কথা জানায় আইসিসি।

অবশ্য দ্বিতীয় ওয়ানডেতে ওয়েস্ট ইন্ডিজ একাদশেও রাখা হয়নি জোসেফকে। এর সঙ্গে অবশ্য শাস্তির সম্পর্ক থাকার কথা না। এটা ওয়েস্ট ইন্ডিজের কৌশলগত সিদ্ধান্ত বলেই টসের পর জানান অধিনায়ক শাই হোপ। জোসেফের বদলে একাদশে ছিলেন আরেক পেসার মারকুইনো মিন্ডলে।

উল্লেখ্য, গত রবিবার সেন্ট কিটসেই প্রথম ওয়ানডে শুরুর আগে বুট পরে পিচের ওপর হাঁটছিলেন জোসেফ। এ সময় তাকে থামানোর চেষ্টা করেন চতুর্থ আম্পায়ার গ্রেগরি ব্রাফেট। সে সময় আম্পায়ারের সঙ্গে খারাপ আচরণ করেন ওয়েস্ট ইন্ডিয়ান এই পেসার।

পরে ম্যাচের দুই আম্পায়ার কুমার ধার্মাসেনা ও লেজলি রিফার, টিভি আম্পায়ার আসিফ ইয়াকুব ও চতুর্থ আম্পায়ার গ্রেগরি ব্রাফেট তাঁদের প্রতিবেদনে এ ঘটনার কথা উল্লেখ করে জোসেফের বিরুদ্ধে অভিযোগ করেন। এই অভিযোগের ভিত্তিতেই জোসেফকে শাস্তি দিয়েছেন ম্যাচ রেফারি জেফ ক্রো।

# মাইলফলক অর্জনের ম্যাচে ইনজুরিতে এমবাপ্পে

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

চ্যাম্পিয়ন লিগে ৫০ তম গোল করেছেন কিলিয়ান এমবাপ্পে। নবম ফুটবলার হিসেবে এই মাইলফলক স্পর্শ করলেন ২৫ বছর ৩৫৬ দিনে। আটালান্টার বিপক্ষে ম্যাচের ১০ মিনিটে গোলটি করেন তিনি। কিন্তু পরেই ইনজুরি নিয়ে মাঠ ছাড়েন ফ্রান্সম্যান। শেষ ৪ ম্যাচের তিনটিতে গোল করেছেন তিনি। ম্যাচের ৩৬ মিনিটে এমবাপ্পের বদলি করা হয় রদ্রিগো গোয়েসকে। ব্রাজিলিয়ান ফরোয়ার্ডও ইনজুরিতে ছিলেন। ম্যাচ শেষে জানা গেছে, ঊরুর মাংসপেশির ইনজুরিতে পড়েছেন এমবাপ্পে। কতদিন মাঠের বাইরে থাকতে হবে তা অবশ্য পরিষ্কার করা হয়নি। তবে শনিবার রাতে রায়ো ভায়োকানোর বিপক্ষে তার খেলার সম্ভাবনা কম।



এমবাপ্পের ইনজুরির বিষয়ে ম্যাচ শেষে রিয়াল মাদ্রিদ কোচ কার্লো আনচেলত্তি বলেছেন, 'এমবাপ্পের মাংসপেশিতে টান লেগেছে। ঊরুতে কিছুটা অস্বস্তি আছে। দেখতে হবে, তার বিষয়টি কী। খুব একটা সিরিয়াস ইনজুরি মনে হয়নি। আমি পরিষ্কার জানিও না। তবে সে দৌড়াতে পারছিল না।'

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata- 700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR